



বরাবর

তারিখ ১৪ জানুয়ারি, ২০২৩

জনাব এলিজা সুলতানা

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

বিষয়ঃ আগামী ২১ জানুয়ারী, ২০২৩ রোজ শনিবার সকাল ১০:৩০ মিনিটে মাধ্যমিক বিদ্যালয় ভিত্তিক 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' প্রতিনিধিদের অংশগ্রহণে সিরাজগঞ্জ পৌর ভাসানী মিলনায়তনে অনুষ্ঠিতব্য 'ইয়ুথ লিডারস কনফারেন্স ২০২৩' শীর্ষক অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিতি এবং সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশনের পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশন 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' এর মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সুনাগরিক হিসেবে গড়ে তুলতে পাঠ্যসূচির পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে কিশোর-কিশোরীদের স্বাস্থ্য উন্নয়ন, ব্যক্তিগত পরিচ্ছন্নতা, পুষ্টি শিক্ষা, মানসিক স্বাস্থ্য, বাল্যবিবাহ প্রতিরোধ, নেতৃত্ব বিকাশ ও দেশপ্রেম উদ্ভুদ্ধকরণের মাধ্যমে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তুলতে নানান উদ্যোগ ও কর্মসূচি পালন করছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অনুমোদনক্রমে দেশব্যাপী 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' কার্যক্রম চলছে। ইতোমধ্যে আপনার উপজেলার সকল বিদ্যালয়ে 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' গঠন করা হয়েছে।

বর্তমান সরকার ধূমপান ও তামাক নিয়ন্ত্রণকে সামনে রেখে বিভিন্ন ধরনের কার্যক্রম হাতে নিয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশকে তামাকমুক্ত করার ঘোষণা দিয়েছেন। সরকারের ধূমপান ও তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশন ও বাংলাদেশ পার্লামেন্টারি ফোরাম ফর হেলথ এন্ড ওয়েলবিং নতুন কিছু কার্যক্রম হাতে নিয়েছে।

এর ধারাবাহিকতায়, মাধ্যমিক বিদ্যালয় ভিত্তিক 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' প্রতিনিধিদের অংশগ্রহণে সিরাজগঞ্জ পৌর ভাসানী মিলনায়তনে অনুষ্ঠিতব্য 'ইয়ুথ লিডারস কনফারেন্স ২০২৩' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সিরাজগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য, অধ্যাপক ডাঃ মোঃ হাবিবে মিল্লাত এমপি, চেয়ারম্যান, বাংলাদেশ পার্লামেন্টারি ফোরাম ফর হেলথ এন্ড ওয়েলবিং।

এমতাবস্থায়, সিরাজগঞ্জ সদর উপজেলার (৩৯ টি স্কুল ও ১৪ টি মাদ্রাসা) যেখানে 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' গঠন করা হয়েছে, তার প্রতিটি স্কুল বা মাদ্রাসা থেকে ১ জন শিক্ষক এবং ৪ জন 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' সদস্য (২ জন ছেলে ও ২ জন মেয়ে) মোট ৫ জন অংশগ্রহণ করার বিষয়ে সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে। আপনাকে অশেষ ধন্যবাদ। আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

ধন্যবাদান্তে,

ডাঃ নিজাম উদ্দিন আহমেদ

নির্বাহী পরিচালক

স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশন

মোবাইলঃ +৮৮ ০১৭১৩ ০১৬৩৮১, +৮৮ ০১৭৮৪ ৬৫২৩৫৩